

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৭. ৪. ২. নারী, শিশু, বৃদ্ধ নির্বিশেষে বাশন দেশের সকল মানুষ হত্যা

একইভাবে মোশি বাশন দেশের বাদশাহ উজ ও দেশের সকল মানুষকে হত্যা করেন। এ বিশাল রাজ্যের ষাটটা প্রাচীর বেষ্টিত উন্নত শহর এবং আরো অনেকগুলো অরক্ষিত গ্রাম তারা সম্পূর্ণ নির্মূল করেন। তারা তথাকার নারী, পুরুষ, শিশু, কিশোর সকলকেই হত্যা করেন। একজন মানুষকেও বাঁচতে দেননি।

'মূসা যাসের শহরে গোয়েন্দা পাঠিয়ে দেবার পর বনি-ইসরাইলরা সেই শহরের আশেপাশের গ্রামগুলো দখল করে নিল এবং সেখানকার আমোরীয়দের তাড়িয়ে দিল। তারপর তারা ঘুরে বাশন দেশের রাস্তা ধরে এগিয়ে যেতে লাগল। তখন বাশনের বাদশাহ উজ (Og the king of Bashan) তাঁর সমস্ত সৈন্য-সামন্ত নিয়ে বের হয়ে তাদের সংগে যুদ্ধ করবার জন্য ইদ্রিয়ী শহরে উপস্থিত হলেন। তখন মাবুদ মূসাকে বললেন, 'বাদশাহ উজকে ভয় কোরো না, কারণ আমি তার দেশ এবং তাকে ও তার সমস্ত সৈন্য-সামন্তকে তোমার হাতের মুঠোয় দিয়ে দিয়েছি। আমোরীয়দের বাদশাহ সীহোন, যে হিষবোনে রাজত্ব করত, তুমি তার অবস্থা যা করেছ এর অবস্থাও তা-ই করবে। তখন তারা উজকে এবং তাঁর ছেলেদের ও তাঁর সমস্ত সৈন্য-সামন্তদের হত্যা করল। শেষ পর্যন্ত তাঁর আর কেউ বেঁচে রইল না। তারা তাঁর দেশটা অধিকার করে নিল।'' (শুমারী ২১/৩৫)

এ গণহত্যা নিশ্চিত করে বাইবেল অন্যত্র মোশির যবানীতেই বলছে: "এভাবে আমাদের মাবুদ আল্লাহ বাশনের বাদশাহ উজ ও তাঁর সমস্ত সৈন্য-সামন্তকে আমাদের হাতে দিয়ে দিয়েছিলেন। আমরা তাদের সবাইকে হত্যা করেছিলাম; কাউকেই বাঁচিয়ে রাখিনি। সেই সময় আমরা তাঁর সব গ্রাম ও শহরগুলো নিয়ে নিয়েছিলাম। তাঁর ষাটটা শহরের সবগুলোই আমরা দখল করে নিয়েছিলাম; একটাও বাদ রাখিনি। গোটা অর্ণোব এলাকাটা, অর্থাৎ বাশনের মধ্যে উজের গোটা রাজ্যটা আমরা দখল করে নিয়েছিলাম। এই সব শহরগুলো উঁচু উঁচু দেয়াল দিয়ে ঘেরা ছিল আর তাতে ছিল দরজা আর হুড়কা। অনেকগুলো দেয়ালছাড়া গ্রামও সেখানে ছিল। আমরা সেই সব গ্রাম ও শহর সম্পূর্ণভাবে ধ্বংস করে দিয়েছিলাম। হিষবোনের বাদশাহ সীহোনের প্রতি আমরা যেমন করেছিলাম তেমনি করে তাদের পুরুষ, স্ত্রীলোক ও ছেলেমেয়ে এবং প্রত্যেকটা গ্রাম ও শহর আমরা একেবারে ধ্বংস করে দিয়েছিলাম। কিন্তু সেখান থেকে সমস্ত পশুপাল এবং লুট করে আনা জিনিসপত্র আমরা নিজেদের জন্য নিয়ে এসেছিলাম।" (দ্বিতীয় বিবরণ ৩/৩-৭)

সুপ্রিয় পাঠক, এভাবেই বাইবেলীয় ঈশ্বর তাঁর প্রিয় সেনাবাহিনীকে দিয়ে কোনোরূপ পাপ, অপরাধ বা কারণ ছাড়াই এ সকল জনপদের লক্ষ লক্ষ মানুষকে হত্যা করালেন। মাদিয়ানীয়দের ক্ষেত্রে ৩২ হাজার কুমারী মেয়ে বেঁচে থেকে যৌনদাসী হওয়ার সৌভাগ্য লাভ করেছিল। কিন্তু এ সকল জনপদের কুমারীদেরকেও বাঁচানো হল না। অসহায়, নিরস্ত্র বৃদ্ধ, নারী, শিশু ও কিশোর-কিশোরীদের সবাইকে হত্যা করা হল। পরাজিত একটা জাতির সকল মানুষকে পারমাণবিক বোমা মেরে হত্যা করা কি বাইবেলীয় এ গণহত্যার আধুনিক রূপ? বাইবেলকে অভ্রান্ত ধর্মগ্রন্থ বলে বিশ্বাসকারী কি এরূপ গণহত্যার নিন্দা করতে পারবেন? বাইবেল কি এরূপ গণহত্যা শিক্ষা দিচ্ছে না?



• Source — https://www.hadithbd.com/books/link/?id=14620

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন